

নিয়োগ বিজ্ঞপ্তি



ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ-২২,০০০-৫৩,০৬০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিসের ০১ (এক) টি সহকারী পরিচালক গ্রেড-২ (ফুড) শূন্য পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে পুষ্টি ও খাদ্য বিজ্ঞান/গার্হস্থ্য অর্থনীতিতে অনার্সসহ মাস্টার্স ডিগ্রীধারী হইতে হইবে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর বয়স শিথিলযোগ্য।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৬-০৯-২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।

